



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও  
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,  
প্রাণিসম্পদ অধিদপ্তর  
কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।

নং-৩৩.০১.০০০০.৮৩৩.০৬.০০৪.১৯/৭৮০

তারিখঃ ২৭/০৫/২০২১ খ্রিঃ।


কার্যালয় স্বাক্ষরক

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং প্রাণিসম্পদ অধিদপ্তর সমন্বিত পদ্ধতিতে প্রাণিসম্পদ উৎপাদন ব্যবস্থাপনার মাধ্যমে সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর দারিদ্র বিমোচন ত্বরান্বিতকরণ ও খাদ্য নিরাপত্তার উন্নয়ন নিশ্চিতকরণের লক্ষ্যে সরকারের অগ্রাধিকার কার্যক্রম হিসাবে ২০-২১ অর্থবছরে পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবর ফিল্ড ফ্যাসিলিটরের প্রশিক্ষণ বাবদ বরাদ্দ, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবর জ্বালানী ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বরাবর জ্বালানী, অফিস কন্সট্রাকশন, খন্ডকালীন ফিল্ড ফ্যাসিলিটরের ভাতা, ঘাষ চাষ প্রদর্শনী পুট, ঘাষের বাজার স্থাপন, গৃহ নির্মাণ উপকরণ বাবদ বরাদ্দ ও সফলভোগীদের প্রশিক্ষণ বাবদ বরাদ্দ প্রদান করা হয়েছে। বিগত ২৩/০৫/২০২১ তারিখে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়ের উপস্থিতিতে এডিপি সভার সিদ্ধান্ত অনুসারে অত্র প্রকল্প কর্তৃক বরাদ্দকৃত অর্থ ১০০% সরকারী বিধি বিধান অনুসারে খরচ করতঃ আগামী ০৭/০৬/২০২১ তারিখের মধ্যে ব্যয় পূর্বক রিকনসিলেশন, বিলের ভাউচার ও যাবতীয় কাগজপত্র প্রকল্প দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য বিনীত অনুরোধ জানানো হলো।

বিঃ দ্রঃ ১। বিষয়টি অতীব জরুরী

২। উপজেলা পর্যায়ে ২০২০-২১ অর্থবছরের বরাদ্দকৃত অর্থ অব্যবহৃত থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তা ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।

সংযুক্ত ৪ উপজেলা ভিত্তিক বরাদ্দকৃত অর্থের সারসংক্ষেপ, জিও ও অথরাইজেশন রিপোর্ট।



ড. অসীম কুমার দাস  
প্রকল্প পরিচালক

সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও  
জীবন মানোন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,  
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ।

অনুলিপিঃ কার্যার্থে

১-১৮৫। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,.....।

১৮৬-২৪১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,.....।

২৪২। আইসিটি কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।

অনুলিপিঃ কার্যার্থে ও জ্ঞাতার্থে

১-৮। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা/সিলেট/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/রংপুর/ময়মনসিংহ/বরিশাল।

অনুলিপিঃ জ্ঞাতার্থে

১। মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মহোদয়ের একান্ত সচিব- ইহা মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।

২। সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মহোদয়ের একান্ত সচিব- ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।

৩। অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।

৪। যুগ্ম প্রধান, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ, ঢাকা।

৫। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।